গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারকনং-০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০২.২৪- ৮৮৫

তারিখ ঃ ০১/১০/২০২৪ খ্রিঃ

ইজারা বাতিলকৃত হাট-বাজারসমূহের পুনঃ ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গত ০৩/০৯/২০২৪খ্রি. তারিখের উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ময়মনসিংহ সদর উপজেলার ইজারা বাতিলকৃত হাট-বাজার সমূহের বাংলা ১৪৩১ সালের ৩০ শে চৈত্র মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে দাখিলকৃত দরের ৩০% অর্থ জামানত স্বরূপ পৃথকভাবে তফসীলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, সদর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হবে। জামানত হিসেবে জমাকৃত ৩০% অর্থের ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। বৎসর সমাপনান্তে জামানত হিসেবে জমাকৃত ৫% অর্থ ইজারা গ্রহীতার বরাবরে প্রত্যার্পণ করা হবে। তবে হাট বাজার নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন/সংরক্ষণ না করলে কিংবা বাজারের কোন প্রকার ক্ষতিসাধণ করলে উক্ত জমাকৃত অর্থ হতে ব্যয় মিটানো হবে। নিম্নবর্ণিত হাট-বাজার সমূহের দরপত্র নির্ধারিত তারিখে বেলা ০২:০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ময়মনসিংহ, পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সহকারী কমিশনার (ভূমি), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ এর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ০৩:০০ ঘটিকায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।

দরপত্র সিডিউল নিম্ন বর্ণিত ডাকের তারিখের পূর্বের দিন পর্যন্ত (সাপ্তাহিক ছুটি বা অন্যকোন সরকারী ছুটির কারণে বন্ধ থাকলে খোলার দিন পর্যন্ত) অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত অফিস সমূহ হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। তবে নির্ধারিত তারিখে ক্রয়কৃত দরপত্র সিডিউল পরবর্তী ডাকের তারিখ/তারিখ সমূহে গ্রহণযোগ্য হবে না।

পুনঃ ইজারাকৃত পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময়	সংশ্লিষ্ট হাট-বাজার সমূহ	দরপত্র ফরম বিক্রয়ের স্থান
১ম	১৬/১০/২০২৪ বুধবার ৩১ আশ্বিন ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৭/১০/২০২৪, বৃহস্পতিবার ০১ কার্তিক ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত	১। ভাবখালী পুরাতন বাজার, ভাবখালী। ২। আউলিয়া বাজার, ভাবখালী।	১। জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, ময়মনসিংহ। ২। পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ। ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। ৪। উপজেলা ভূমি অফিস, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। ৫। কোতোয়ালী মডেল থানা, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। ৬। সোনালী ব্যাংক লিঃ, ময়মনসিংহ কর্পোরেট শাখা।
২য়	৩০/১০/২০২৪ বুধবার ১৪ কার্তিক ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	৩১/১০/২০২৪, বৃহস্পতিবার ১৫ কার্তিক ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		
৩য়	৩/১১/২০২৪ রবিবার ১৮ কার্তিক ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	৪/১১/২০২৪, সোমবার ১৯ কার্তিক ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		
৪র্থ	২৭/১১/২০২৪ বুধবার ১২ অগ্রহায়ণ ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	২৮/১১/২০২৪, বৃহস্পতিবার ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		
৫ম	০১/১২/২০২৪ রবিবার ১৬ অগ্রহায়ণ ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	০২/১২/২০২৪, সোমবার ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		
৬ষ্ঠ	২৫/১২/২০২৪ বুধবার ১০ পৌষ ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	২৬/১২/২০২৪, বৃহস্পতিবার ১১ পৌষ ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		
৭ম	১৫/০১/২০২৫ বুধবার ০১মাঘ ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৬/০১/২০২৫, বৃহস্পতিবার ০২ মাঘ ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		

৮ম	১৫/০২/২০২৫ বুধবার ০২ফাল্গুন ১৪৩১ বাংলা বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৬/০২/২০২৫, বৃহস্পতিবার ০৩ ফাল্গুন ১৪৩১ বাংলা ৯.০০ ঘটিকা হতে বেলা ২.০০ঘটিকা পর্যন্ত		

অইজারাকৃত হাট বাজারের তালিকা :

ক্রঃনং	হাট বাজারের নাম	ইউনিয়ন	বাংলা ১৪৩১সালের সরকারি মূল্য
০১।	ভাবখালী পুরাতন বাজার	-ঐ-	৩,৪৩,৫৫৩/-
০২।	আউলিয়া বাজার	ভাবখালী ইউনিয়ন	১০,৪৯৪/-

ইজারা দরপত্র সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১. বাংলা ১৪৩১ সনের সংশ্লিষ্ট হাট/বাজারের দখলের তারিখ থেকে ৩০ শে চৈত্র মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে ।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা ব্যয় করা হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে ,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, মোবাইল নং ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. যে সকল হাট-বাজারে খাস আদায় চলমান আছে, সেই ক্ষেত্রে যতদিন খাস আদায় সম্পন্ন হয়েছে, মূল ইজারা মূল্য হতে আনুপাতিক হারে ঐ সময়ের নির্ধারিত মূল্য বাদ দিয়ে বাকি টাকা আদায়যোগ্য হবে।

০৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শণের ব্যবস্থা করবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩. ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭. হাট-বাজারের ইজারার টাকা সরকারের দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৮. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০. হাট-বাজার বিজ্ঞপ্তিটি mymensinghsadar.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

০১.১০.২৪

(মো: আরিফুল ইসলাম প্রিন্স)
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।

স্মারকনং-০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০২.২৪- ৮৮৫

তারিখ ঃ ০১/১০/২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০২. পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),ময়মনসিংহ।

০৬. উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------(সকল), ময়মনসিংহ।
০৭. সহকারী কমিশনার (ভূমি), ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
০৮. উপজেলা --------------------------------অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।ও হাট/বাজার দরপত্র মূল্যায়ন কমিটি। (তাঁকে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত দিনে এ কার্যালয়ে উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৯. অফিসার ইনচার্জ, কোতোয়ালী মডেল থানা, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।
১০. ম্যানেজার, সোনালী ব্যাংক, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।,ময়মনসিংহ।
১১. চেয়ারম্যান/প্রশাসক --------- ----------------ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট), ময়মনসিংহ সদর,ময়মনসিংহ । (তাঁকে মাইক/ঢোল সহরতের মাধ্যমে তার এলাকাধীন হাট- বাজারসমূহে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হ'ল)।
১২. উপজেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তি অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১৩. বিজ্ঞাপন ম্যানেজার, --,দরপত্র বিজ্ঞপ্তিটি পরবর্তী সংখ্যায় তাঁর পত্রিকায় ১(এক) দিনের জন্য ছাপানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হ'ল।
১৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, -----------------------------ইউনিয়ন ভূমি অফিস (সংশ্লিষ্ট), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। (তাকে মাইক/ঢোল সহরতের মাধ্যমে হাট-বাজার ও জনবহুল স্থানে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হ'ল)।
১৫. জনাব ---------------------------১৪৩০ সালের ইজারাদার,--------------------------------হাট-বাজার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।।
১৬. নোটিশ বোর্ড /অফিস কপি।

০৩/১০/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর,ময়মনসিংহ।